গাংনীর কাথুলী ইউপি তে ২০২৩-২৪ অর্থ বছরের উন্মুক্ত বাজেট ঘোষনা

গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদে ২০২৩-২০২৪ অর্থ বছরের উন্মুক্ত বাজেট ঘোষনা করা হয়েছে।

আজ সোমবার সকাল ১১ টার সময় ইউনিয়ন পরিষদের হলরুমে উন্মুক্ত বাজেট ঘোষনা অনুষ্ঠিত হয়। কাথুলী ইউনিয়ন পরিষদের সচিব আব্দুল মতিন বাজেট ঘোষনা করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা এ সময় উপস্থিত ছিলেন ইউপি সদস্য বাবুল হোসেন, জিনারুল ইসলাম, আশরাফুল ইসলাম, আনারুল ইসলাম আনার,ফারুক আহমেদ, হুছাইন মাহমুদ, টুটুল হোসেন, কাবের আলী, আনারুল ইসলাম, ও মহিলা সদস্যা বৃন্দ।

বাজেট ঘোষনা অনুষ্ঠানে ইউনিয়নের বিভিন্ন প্রান্ত থেকে গন্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন। কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক রেজাউর রহমান, জয়নাল আবেদীন, প্রবীণ আওয়ামী লীগ নেতা কুতুবউদ্দিন, হাফিজুর রহমান সহ আরো অনেকেই।

২০২৩-২৪ অর্থ বছরে উন্মুক্ত বাজেটে ১,৫৭,১৯,৫০০ টাকা ধার্যকৃত বাজেট ঘোষনা করেন।

গাংনীর বামন্দী দাখিল মাদ্রাসার ৩ ছাত্রী নিরুদ্দেস

গাংনী উপজেলার বামন্দী দাখিল মাদ্রাসার তিন ছাত্রী নিরুদ্দেশ হয়েছে। গতকাল ২৮ মে রবিবার সকালে মাদ্রাসার উদ্যেশ্যে বের হয়ে আর বাড়ি ফিরে আসেনি।

নিরুদ্দেশ ওই তিন ছাত্রীরা হলেন, দেবীপুর গ্রামের স্বপ্না, সূর্বণা ও সুমাইয়া।

২৪ ঘন্টা পার হলেও এখন পর্যন্ত ওই তিন ছাত্রীর কোনো খোঁজ মেলেনি। অবশেষে ওই তিন ছাত্রীর মধ্যে একজনের পিতা গাংনী থানায় সাধারণ ডাইরি (জিডি) করেছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক সাধারণ ডাইরির বিষয় নিশ্চিত করেছেন।

স্থানীয় বামন্দী ইউনিয়নের দেবিপুর গ্রামের ইউপি সদস্য হিরক আহমেদ জানান, উপজেলার বামন্দী ইউনিয়নের দেবীপুর গ্রামের বানারুল ইসলামের মেয়ে ও বামন্দী দাখিল মাদ্রাসার অষ্টম শ্রেনীর ছাত্রী স্বপ্না খাতুন (১৪), একই গ্রামের সাইদুল ইসলামের মেয়ে ও একই মাদরাসার নবম শ্রেনীর ছাত্রী সূবর্ণা খাতুন(১৫), এবং জামরুল ইসলামের মেয়ে নবম শ্রেনীর ছাত্রী সুমাইয়া খাতুন (১৫)। উধাও ওই ৩ ছাত্রী একই সঙ্গে প্রতিদিন মাদ্রাসায় যাওয়া-আসা করতেন বলে জানিয়েছে তার অভিভাবকরা।

নিখোঁজ ছাত্রীদের পরিবার সূত্রে জানা যায়, গতকাল রোববার (২৮ মে) সকালে স্বপ্না, সূর্বণা ও সুমাইয়া নিজ বাড়ি থেকে বামন্দী দাখিল মাদ্রাসায় যাওয়ার উদ্দেশ্যে স্কুল ব্যাগ কাধে নিয়ে বের হয়। সন্ধ্যা হয়ে গেলেও তারা বাড়ি ফিরে না আসায় উদ্বিগ্ন হয়ে পড়ে তাদের পরিবার।

স্থানীয় ইউপি সদস্য হিরক আহমেদ বলেন, নিখোঁজ ৩ জনের বাড়ি দেবীপুর গ্রামে পাশাপাশি। তারা একসাথে লেখাপড়া-খেলাধুলা করে। হঠাৎ গতকাল তারা মাদ্রাসা থেকে বাড়িতে ফেরেনি। আমরা গ্রামের মানুষ অনেক খোঁজাখুঁজি করেছি তবুও তাদের সন্ধান মেলাতে পারিনি।

বামন্দী দাখিল মাদ্রাসার সুপার মোঃ আমিরুল ইসলাম বলেন, আমি শারীরিক অসুস্থতার কারনে গতকাল মাদ্রাসায় যেতে পারিনি। তবে খোঁজ নিয়ে জেনেছি আমাদের প্রতিষ্ঠানের তিন ছাত্রী সুমাইয়া, সূবর্ণা ও স্বপ্না তাদের কেও গতকাল মাদ্রাসায় উপস্থিত হয়নি এবং তাদের সন্ধান পাওয়া যাচ্ছে না।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, তিন ছাত্রীর পরিবারের লোকজন এসে একটা জিডি করেছে। তারা নিজেরাই নিরুদ্দেস হয়েছে কিনা সেটাও ভাবা হচ্ছে। তবে, তাদের উদ্ধারে জোর

গাংনীতে ভূমি সেবাসপ্তাহ উপলক্ষে জনসচেতনতামুল আলোচনা সভা

গাংনীতে ভূমি সেবা সপ্তাহ উপলক্ষে জনসচেতনতামুল আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার বিকেলে গাংনী উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু’র সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন সাংস্কৃতিক ব্যক্তিত্ব সিরাজুল ইসলাম, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের সাবেক কমান্ডার মুনতাজ আলী।

এসময় বক্তব্য রাখেন আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতু, দলিল লেখক মোকাদ্দেস আলী প্রমুখ।

আয়োজনের শুরুতে ভূমি সংক্রান্ত তথ্য-উপাত্ত নিয়ে বিস্তারিত আলোচনা করেন উপজেলা সহকারি কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম। এসময় উপস্থিত ছিলেন বিভিন্ন শ্রেণী পেশার মানুষ।

গাংনীতে জুলিও কুরি শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তিতে আলোচনা সভা

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জুলিও কুরি শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি উপলক্ষে গাংনীতে বর্ণাঢ্য শোভাযাত্রা আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রোববার সকালে উপজেলা চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের হয়ে প্রধান সড়ক প্রতিক্ষণ করে একই স্থানে এসে শেষ হয়। পরে উপজেলা চত্তরে একটি জলপাই গাছের চারা রোপন করা হয়।

মেহেরপুর-২ আসনের এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, গাংনী পৌর মেয়র আহমেদ আলী, গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতৃ গাছের চারাটি রোপন করেন। পরে উপজেলা অডিটোরিয়ামে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতুর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

বিশেষ অতিথি ছিলেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম, গাংনী পৌর মেয়র আহমেদ আলী, গাংনী উপজেলা মহিলা ভাইসচেয়ারম্যান ফারহানা ইয়াসমীন, আওয়ামীলীগের স্থানীয় নেতা মনিরুজ্জামান আতু, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহম্মেদ, বামন্দী ইউনিয়ন পরিষদ ওবায়দুর রহমান কমল, সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান।

আলোচনা সভায় সঞ্চালনায় ছিলেন, উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টু’। সরকারি অফিসের কর্মকর্তাবৃন্দ, সাংবাদিক, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিতি ছিলেন।

আলোচনাসভা শেষে গাংনী উপজেলা শিল্পকলা একাডেমির পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডামের সঞ্চালনায় সাংস্কৃতিক অনুষ্ঠানে গান পরিবেশন করেন, চ্যানেল আই খুদে গানরাজ শিল্পী, উদয়, ফোক শিল্পী রোজিবুল ইসলাম, আনিকা ইমরোজ মেঘ, উলমাতুননেছা পূর্ণিমা, সামান্থা।যন্ত্র সংগীতে ছিলেন, গাংনী উপজেলা শিল্পকলা একাডেমীর প্রশিক্ষক ওস্তাদ সেলিম রেজা, সোলাইমান হোসেন ও সাংবাদিক সাহাজুল ইসলাম সাজু।

এর আগে চিত্রাঙ্কন প্রতিযোগীতা ও বিজয়ীদের মাঝে পুরুস্কার বিতরণ করা হয়।

জনদুর্ভোগ; এ দায় কার ?

মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী বড় বাজার এলাকা। একেবারেই গাংনী উপজেলা শহরের প্রানকেন্দ্র। ব্যস্ততম শহরের এই যায়গা দিয়ে সারাদিন হাজার হাজার মানুষের যাতায়াত। সাম্প্রতিক সময়ে শহরের এই প্রধান যায়গাটিতে ড্রেন করতে গিয়ে ব্যাপক খোড়াখুড়ি করে গাংনী পৌরসভা। ঠিকাদারী প্রতিষ্ঠান ড্রেন নির্মাণ করে লেবেল না করেই রেখে দেই স্থানটি।

সামান্য পানি হলে স্থানটিতে পানি জমে থাকে। প্রতিদিন ছোট খাটো দুর্ঘটনা ঘটে। বিশেষ করে ছোট খাটো যানবাহন পাখি ভ্যান, অটো, মোটরসাইকেল, কার, মাইক্রোসহ অন্যান্য যানবাহন চলাচলে চরম বিঘ্ন ঘটছে। মাঝে মধ্যে এসব গাড়ির স্প্রিংসহ অন্যান্য পার্টেসের ক্ষতি হচ্ছে। আবার ধুলার সময় বড় কোনো যানবাহন চললে ধুলায় অন্ধকার হয়ে যায়।

পথচারি শরীফুল ইসলাম বলেন, মোটরসাইকেল নিয়ে এখান দিয়ে যাওয়ার সময় চরম ঝাঁকুনি খেতে হয়।

আকরাম আলী বলেন, প্রধান শহরের প্রধান যায়গায় এভাবে কাজ করে লেবেল না করেই চলে গেলো। তাহলে মেয়রের থাকার দরকার কি ? মেয়র কি নিজে এই রাস্তায় চলাচল করেনা ?

স্থানীয় কয়েকজন ব্যববসায়ী না প্রকাশ না করার শর্তে বলেন, গাংনীর

প্রধান সড়কের উপর এই বিষয়টি মেয়রের দৃষ্টি দেওয়া উচিৎ।

এব্যাপারে গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী বলেন, ওই স্থানে আগের স্টেমেটের কাজ। ওই স্টেমেটে লেবেল করার বিষয়টা ছিলনা। তবে, গাংনী পৌর সভার বেশ কিছু কাজ শুরু হচ্ছে। ঠিকাদারদের বলে ওই টুকু লেবেল করে দেওয়া হবে।

গাংনীতে কাজী নজরুল ও রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম জয়ন্তী পালন

গাংনীতে প্রেমের কবি, দ্রোহের কবি, সাম্যের কবি, বিদ্রোহী কবি, মানবতার কবি কাজী নজরুল ইসলামের ১২৪তম জন্ম জয়ন্তী এবং বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম জয়ন্তী যথাযোগ্য মযার্দায় উদযাপিত হয়েছে।

গাংনী উপজেলা শিল্পকলা একাডেমীর উদ্যোগে কাজী নজরুল ও রবী ঠাকুরের স্মরণে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার (২৫ মে) রাত ৮ টা থেকে রাত ১০ টা পর্যন্ত উপজেলা নিবার্হী অফিসারের সভাকক্ষে বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুর ও কাজী নজরুলের স্মৃতিচারণ করা হয়।

সাংস্কৃতিক ব্যক্তিত্ব, শিক্ষাবিদ সিরাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, গাংনী উপজেলা নিবার্হী অফিসার ও উপজেলা শিল্পকলা একাডেমির সভাপতি সাজিয়া সিদ্দিকা সেতু।
গাংনী উপজেলা প্রেসক্লাবের সাবেক সভাপতি ও সিনিয়র সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডামের সঞ্চালনায় অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান

ফারহানা ইয়াসমিন, গাংনী সরকারী ডিগ্রী কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম প্রমুখ।

এসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা আাওয়ামীলীগের কৃষি বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম শাহ, মুক্তিযুদ্ধের শহীদ স্মৃতি পাঠাগারের সহ সভাপতি ইয়াছিন রেজা, পথিকের পাঠশালা প্রতিষ্ঠানের পরিচালক রফিকুল ইসলাম পথিক, গাংনী সরকারী ডিগ্রী কলেজের প্রভাষক নাসির উদ্দীন, বিআর লাইসিয়াম স্কুলের শিক্ষক মঞ্জুর মুর্শেদ শান্তি, গাংনী উপজেলা কৃষকলীগের সেক্রেটারী মশিউর রহমান পলাশ প্রমুখ।
এসময় আমন্ত্রিত অতিথিবৃন্দ ছাড়াও রাজনৈতিক নেতৃবৃন্দ শিক্ষক শিক্ষিকাবৃন্দ ও গাংনী উপজেলা শিল্পকলা একাডেমীর শিল্পী কলা কুশলী উপস্থিত ছিলেন।

আলোচনা শেষে সাংস্কৃতিক অনুষ্ঠানে গান পরিবেশন করেন,ক্ষুদে গানরাজ উদয়, গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক, মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, আজিজুল হক রানু, জুলফিকার আলী কানন, শিশু শিল্পী নীরব, সিয়াম প্রমুখ।

শিল্পীদের পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান দর্শক শ্রোতাদের আকৃষ্ট করে।

গাংনীর মটমুড়া ইউনিয়নের ২ নং ওয়ার্ডের মেম্বর পলি আরা

গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের উপনির্বাচনে প্রয়াত মেম্বর আব্দুস সোবহানের স্ত্রী মোছা: পলি আরা খাতুন (মোরগ প্রতীকে) ২৬০৮ ভোট পেয়ে বেসরকারিভাবে সাধারণ সদস্য (মেম্বর) নির্বাচিত হয়েছেন। তার একমাত্র প্রতিদ্বন্দ্বী মো: কামাল হোসেন টিউবওয়েল প্রতীকে পেয়েছেন ৬৫১ ভোট। মোট ভোট প্রদান হয়েছে ৩১৫৯।

এই ওয়ার্ডে মোট ভোটার সংখ্যা ছিল ৬৩৯৭ জন। এদের মধ্যে নারী

ভোটার সংখ্যা ৩১৮২ এবং পুরুষ ভোটার সংখ্যা ৩২১৫ জন।

উল্লেখ্য, চলতি বছরের ফেব্রুয়ারি মাসে ওই ওয়ার্ডের মেম্বর আব্দুস সোবহান নিজ বাড়িতে হলুদ সিদ্ধ করতে গিয়ে গরম পানির কড়াইয়ের মধ্যে পড়ে ঝলসে যায়। ঢাকা শেখ হাসিনা বার্ন হাসপাতালে চিকিৎসাধীন থাকা অবস্থায় মারা যান তিনি। পরে এই ওয়ার্ডটি শুন্য ঘোষণা করেন নির্বাচন কমিশনার।

গাংনীতে স্যালো ইঞ্জিন চালিত গাড়ি উল্টে স্কুল ছাত্র নিহত

মেহেরপুরের গাংনী উপজেলার মটমুড়া গ্রামে শ্যালো ইঞ্জিনচালিত ইটবহনকারী ট্রলি উল্টে শাহাজাদ নামের এক স্কুল ছাত্র মারা গেছে। বৃহস্পতিবার সকাল ৯ টার দিকে বাওট-মহাম্মদপুর সড়কে মটমুড়াতে এ দুর্ঘটনা ঘটে।

নিহত শাহাজাদ গাংনী উপজেলার চরগোয়ালগ্রামের মালথীপাড়া এলাকার আব্দুর রাজ্জাকের ছেলে ও চরগোয়ালগ্রাম মাধ্যমিক বিদ্যালয়ের অষ্টম শ্রেনীর ছাত্র।

স্থানীয় ইউপি সদস্য শাজাহান বলেন, শহাজাদ নিজেই স্যালো ইঞ্জিন চালিত স্টিয়ারিং গাড়ি (ইটবহনকারী ট্রলি) চালিয়ে ইট আনতে যাচ্ছিল। এসময় গাড়ির টায়ার পাংচার হয়ে নিয়ন্ত্রণ হারিয়ে গাড়িটি খাদে পড়ে যায়। এতে গাড়ির নিচে পড়ে ঘটনাস্থলেই মারা যায় শাহাজাদ। পরে তাকে উদ্ধার করে নিজ বাড়িতে নিয়ে যায়।

শাহাজাদের বাবা আব্দুর রাজ্জাক বলেন, আমার ছেলে স্কুলে পড়ে। আজকেই প্রথম সে এক গাড়ি চালিয়ে ইট আনতে মহাম্মদপুর ইটভাটাতে যাচ্ছিল।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]